

বনিকবার্তা বৃহস্পতিবার, আগস্ট ২২, ২০২৪ ■ ভাদ্র ৭, ১৪৩১



ছাত্র-জনতার বিপ্লব নিয়ে এনএসইউতে আলোকচিত্র প্রদর্শনী

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) শুরু হয়েছে 'আলোকচিত্রে ছাত্র-জনতার বিপ্লব' শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী। বিশ্ববিদ্যালয়ের মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (এমসিজি) প্রোগ্রাম এবং এনএসইউ টিভি, রেডিও ও ডিজিটাল ল্যাব আট দিনব্যাপী এ প্রদর্শনীর আয়োজন করেছে। উদ্বোধনী দিনে উপস্থিত ছিলেন প্রখ্যাত আলোকচিত্র শিল্পী শহীদুল আলম, লেখক ও নৃবিজ্ঞানী রেহনুমা আহমেদ, বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (ভারপ্রাপ্ত) ও কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব খান, সহকারী অধ্যাপক ড. শরীফুল ইসলাম ইমশিয়াত, ড. মো. তৌফিক ই এলাহী প্রমুখ।